

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৮৯.২০১৫-১৩০

তারিখ : ২৯ জানুয়ারি ২০১৭

বিষয় : নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীন এর বরখাস্তের বিরুদ্ধে দাখিলকৃত আপীলের শুনানী গ্রহণ প্রসংগে।

সূত্র-১: জনাব মোঃ বদরুজ্জামান, প্রাক্তন অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ কর্তৃক বরখাস্তের বিরুদ্ধে আপীল আবেদন; তারিখ : ১০ এপ্রিল ২০১৬।

সূত্র-২: জনাব মোঃ শাহীন, প্রাক্তন অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ কর্তৃক বরখাস্তের বিরুদ্ধে আপীল আবেদন; তারিখ : ১০ এপ্রিল ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক তাঁর অফিস কক্ষে (ভবন নং-৭, ৭ম তলা, কক্ষ নং-৬০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীন এর আপীলের শুনানী গ্রহণ করা হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত তারিখ ও সময়ে এতদসংক্রান্ত সকল কাগজপত্রসহ ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

JM
29/01/2017
(ড. জুলিয়া মর্সিন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। জনাব মোঃ বদরুজ্জামান
প্রাক্তন অফিস সহায়ক
বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

২। জনাব মোঃ শাহীন
প্রাক্তন অফিস সহায়ক
বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

বিতরণ (কার্যার্থে):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (দৃ:আ:য়ুগ্মসচিব/উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা)।
- ২। যুগ্ম-সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপ-সচিব (আইন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। চেয়ারম্যান, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (পত্রের কপি নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীন এর নিকট প্রেরণ নিশ্চিত করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ (তাকে ধার্যকৃত তারিখ ও সময়ে বন্দর উপজেলা পরিষদের প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীনকে নিয়ে উপস্থিত থেকে সরকার পক্ষে রেকর্ডপত্র উপস্থাপনের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।